

নতুন সিনেমায় মিষ্টি জান্নাত - পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬৫ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ৯ অক্টোবর ২০২৫ ইং ঃ ২৪ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৬ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## অন্তর্বর্তী সরকার প্রশাসন সাজাতে হিমশিম খাচ্ছে


সূর্যোদয় প্রতিবেদন

মাঠ প্রশাসন সাজাতে বেকায়দায় পড়েছে বর্তমান অন্তর্বর্তী সরকার। ডিসি নিয়োগসহ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদায়নে নানা বিতর্ক এবং তদবিরের চাপ সামলাতে না পারায় প্রশাসন গতিহীন হয়ে পড়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব পদটি গত ১৬ দিন ধরে শূন্য। সরকারি সূত্র জানায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোখলেস উর রহমানকে নানা সমালোচনার পর সরিয়ে দেওয়া হয়েছে। কিন্তু নতুন সচিব নিয়োগে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া যায়নি। এই পদে নিয়মিত কর্মকর্তাদের নাকি চুক্তিভিত্তিক কর্মকর্তাদের নিয়োগ দেওয়া হবে, তা নিয়ে আলোচনা এবং ধোঁয়াশা চলছে।

অধিকাংশ বিশ্লেষকের মতে, দক্ষ, সৎ ও যোগ্য কর্মকর্তাকে জনপ্রশাসন সচিবের দায়িত্ব দেওয়া উচিত। কারণ, মাঠ প্রশাসন সাজাতে এই পদটির গুরুত্ব অপরিসীম। নির্বাচনের পূর্ববর্তী এই সময়ে, পদটি শূন্য থাকায় কর্মকর্তাদের বদলি-

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদকের টোকেনে মিলছে সার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে সরকার নির্ধারিত বিসিআইসি সারের সরবরাহে অনিয়মের অভিযোগ উঠেছে। অভিযোগ রয়েছে এখানে মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন ছাড়া কোনো কৃষক সার পাচ্ছেন না। ফলে টোকেনবিহীন প্রকৃত কৃষকরা বঞ্চিত হচ্ছেন, আর টোকেনধারীরা রাজনৈতিক প্রভাবের জোরে সহজেই সার সংগ্রহ করছেন। ধানখোলা ইউনিয়নের সরকারি অনুমোদিত ডিলার মেসার্স এন আর এন্টারপ্রাইজ-এর বিক্রয়কেন্দ্রে গিয়ে দেখা যায়, সকাল থেকে দুপুর পর্যন্ত অর্ধশতাধিক কৃষক সার পাওয়ার আশায় লাইনে দাঁড়িয়ে আছেন। অনেকেই কয়েকদিন ধরে অপেক্ষা করেও সার পাননি। তাদের অভিযোগ, বিএনপি নেতা আখেরুজ্জামানের দেওয়া টোকেন ছাড়া কাউকেই সার দিচ্ছে না ডিলার পয়েন্ট। পাকুরিয়া গ্রামের কৃষক বুলবুল হোসেন বলেন, "চেয়ারম্যান আখেরুজ্জামান আমাকে ও আকবর হোসেনকে সার নেওয়ার টোকেন দিয়েছেন। সেই টোকেন দেখিয়ে আজ সার নিতে এসেছি।" কিন্তু একই গ্রামের আরেক কৃষক আশরাফুল ক্ষোভ প্রকাশ করে বলেন, "আমি কয়েকদিন ধরে লাইনে দাঁড়িয়ে আছি, কিন্তু টোকেন না থাকায় সার পাচ্ছি না। অথচ যাদের টোকেন আছে, তারা অনেকে কৃষকও নয়, তবুও সহজেই সার পাচ্ছে।" গাড়াডোব গ্রামের কৃষক শাহীন আলম বলেন, "সারের নামে এখন টোকেন বাণিজ্য চলছে। যাদের পরিচয় বা রাজনৈতিক প্রভাব আছে, তারাই

২-এর পৃষ্ঠা দেখুন

## মাদ্রাসা শিক্ষার্থীকে পিটিয়ে জখম, শিক্ষক পলাতক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় পশ্চিম মালসাদহ গ্রামের ফজলুল উলুম কওমি মাদ্রাসার শিক্ষক জুবায়ের আহমেদ এর বিরুদ্ধে এক শিক্ষার্থীকে বেধড়ক পিটিয়ে রাতভর মাদ্রাসায় অটকিয়ে রাখার অভিযোগ উঠেছে। পরে এ নির্যাতিত শিক্ষার্থীর পরিবার খবর পেয়ে গতকাল বুধবার সকালে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেকোন ভর্তি করেছে। এ ঘটনার পর বুধবার সকাল থেকে শিক্ষক জুবায়ের আহমেদ পালাতক রয়েছে। আহত জুনায়েদ আহমেদ ওই মাদ্রাসার হেফজ বিভাগে অধ্যয়নরত ও কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার পার গোয়াল গ্রামের মৃত জয়নাল আবেদীনের ছেলে। শিক্ষার্থীর নানী ছিয়াতন নেছা জানান, আমার মেয়ের স্বামী মারা যাওয়ার পর মেয়ে আর নাতি আমার কাছেই থাকে। সাত বছর আগে নাতিকে ফজলুল উলুম কওমি মাদ্রাসায় ভর্তি করেছিলাম।গত মঙ্গলবার রাতে হঠাৎ একজন লোক ফোনে জানায়, আমার নাতিকে হুজুর কবুতর চুরির অপবাদ দিয়ে পিটিয়েছে। সকালে মাদ্রাসায় গিয়ে দেখি, ছেলেটার পিঠে, বাম উরুতে আর হাতে জখমের দাগ। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করি। শিক্ষার্থীর মা রিমা খাতুন বলেন, কবুতর চুরির অপবাদ দিয়ে যেভাবে আমার ছেলেকে বেত্রাঘাত করা হয়েছে, তা কোনোভাবেই সহ্য করা যায় না। আমি অভিযুক্ত শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তি চাই।' ফজলুল উলুম কওমি মাদ্রাসার সুপর মাওলানা মুফতি সাইদুর রহমান বলেন, ' এই মাদ্রাসায় বেত ব্যবহার নিষিদ্ধ। মাদরাসা কমিটি ইতিমধ্যে তদন্ত শুরু করেছে। তদন্তে সত্যতা পাওয়া গেলে শিক্ষকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ জানান, সকালে বেত্রাঘাতে



২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর ও গাংনীতে জাতীয় কন্যা শিশু দিবস পালন

নিজস্ব প্রতিবেদক

"আমি কন্যা শিশুর স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি" এ প্রতিপাদ্যে মেহেরপুর ও গাংনীতে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের

২-এর পৃষ্ঠা দেখুন

## দুই জনের কারাদণ্ড ও জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে দুটি পৃথক মামলায় দুই আসামিকে কারাদণ্ড ও জরিমানা দিয়েছেন আদালত। জাল দলিল মামলায় দীন মোহাম্মদকে ১০ বছর কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা এবং মারধরের মামলায় আব্দুল খালেককে ১ বছর কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অনাদায়ে দুজনকেই অতিরিক্ত কারাদণ্ড ভোগ করতে হবে। গতকাল বুধবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলী এ রায় ঘোষণা করেন। প্রথম মামলার বিবরণে জানা যায়, প্রায় আট থেকে দশ বছর আগে দীন মোহাম্মদ ও তার ভাই আমজাদ

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে কীটনাশক ব্যবসায়ীকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার নওয়াপাড়া ও সাহারবাটি বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে নিম্নমানের ও মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রির অভিযোগে এক ব্যবসায়ীকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে এ অভিযান

২-এর পৃষ্ঠা দেখুন

## সাংবাদিকের প্রতিবেদনে বক্তব্য, ঘণ্টাখানেক পর গ্রেপ্তার নারী

নিজস্ব প্রতিবেদক

প্রবাসী অনুসন্ধানী সাংবাদিক ইলিয়াস হোসাইনের প্রতিবেদনে বক্তব্য দেয়ার কয়েক ঘণ্টার মধ্যেই চুয়াডাঙ্গার দর্শনা থানার আনোয়ারপুর গ্রামের পুতুল নামে এক নারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত সোমবার রাতে ইউটিউবে প্রচারিত ইলিয়াসের অনুষ্ঠান 'ফিফটিন মিনিটস'-এ বিএনপি নেতা শরীফ ও টরিক ভাইয়ের চাঁদাবাজি ও অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ উঠে। প্রতিবেদনে পুতুল বলেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান তাঁকে বিয়ের প্রলোভনে শারীরিকভাবে শোষণ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জামায়াতের গনসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার´ মহাজনপুর গ্রামে জামায়াতে ইসলামের গণসংযোগ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকালে এ গণসংযোগ ও সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর-১ আসন জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও মেহেরপুর জেলা জামাতের আমির মাও তাজউদ্দীন খান প্রধান মেহেমান হিসাবে উপস্থিত থেকে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে পাওনা টাকা চাওয়ায় আহত দুই

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে পূর্বশত্রুতার জেরে প্রতিপক্ষের হামলায় বাবা ও ছেলে আহত হয়েছেন। গতকাল বুধবার বিকেল সাড়ে চারটার দিকে এ ঘটনা ঘটে। আহতরা হলেন কাজিপুর গ্রামের মৃত জাবির হালসানার ছেলে আতাউল হক (৬৫) ও তার ছেলে মাজেদুল ইসলাম (২১)। স্থানীয়রা জানান, আতাউল হক ও মাজেদুল ইসলাম প্রতিবেশী হাসান (৪৫) ও তার ছেলে হেলাল (২৫)-এর কাছ থেকে কিছু টাকা পেতেন। সেই টাকা চাওয়াকে কেন্দ্র করে দু'পক্ষের

২-এর পৃষ্ঠা দেখুন

## আফগান সীমান্তে সংঘর্ষে পাকিস্তানের ১১ সেনা নিহত

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের আফগানিস্তান সীমান্তসংলগ্ন খাইবার পাখতুনখোয়া প্রদেশের ওরাকজাই জেলায় সশস্ত্র জঙ্গিদের সঙ্গে ভয়াবহ বন্দুকযুদ্ধে পাকিস্তান সেনাবাহিনীর অন্তত ১১ জন সদস্য নিহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন লেফটেন্যান্ট কর্নেল ও একজন মেজর রয়েছেন। বুধবার (৮ অক্টোবর) ভোরে এক গোয়েন্দা অভিযানের সময় এ সংঘর্ষের ঘটনা ঘটে। পাকিস্তান সেনাবাহিনীর আন্তঃবাহিনী জনসংযোগ দপ্তর (আইএসপিআর) জানিয়েছে, অভিযানের সময় তেহরিক-ই-তালেবান পাকিস্তানের (টিটিপি) সদস্যরা সেনাদের ওপর অতর্কিত হামলা

২-এর পৃষ্ঠা দেখুন




## তেঁতুলবাড়ীয়া যুবদলের কর্মী সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন জাতীয়তাবাদী যুবদলের উদ্যোগে এক কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। সংগঠনকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার লক্ষ্যে গতকাল বুধবার বিকেলে করমদী কলেজ প্রাঙ্গণে এ কর্মী সভার আয়োজন করা হয়। কর্মী সভায় তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন যুবদলের সভাপতি হাসান আলী'র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক মো. কাউসার আলী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনী

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী টেস্ট বাণিজ্য: তদন্ত কমিটির বিরুদ্ধে হুমকির অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে 'টেস্ট বাণিজ্য' ও দুর্ব্যবহারের অভিযোগের তদন্তে তালবাহানা এবং অভিযোগকারীকে ভয়ভীতি দেখানোর অভিযোগ উঠেছে। অভিযুক্ত চিকিৎসকের বিরুদ্ধে এর আগেও একই ধরনের অভিযোগ উঠেছিল। জানা গেছে, গত ৩০ সেপ্টেম্বর গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা. ফারুক হোসেন-এর বিরুদ্ধে অভিযোগ করেন শিশু রোগীর মা ইসমোতারা বেগম। তার অভিযোগ, চিকিৎসক আউটডোর টিকিট ছিঁড়ে ফেলেন এবং নির্দিষ্ট একটি মোল্লা ডায়াগনস্টিক ও কনসালটেশন সেন্টারের থেকে টেস্ট করানোর জন্য জোর করেন। অভিযোগের পর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ তদন্ত কমিটি গঠন করেন। পরে ইসমোতারাকে ডেকে তার বক্তব্য নেওয়া হলেও তদন্ত কমিটি আবারও তদন্তের স্বার্থে তাকে হাজির হতে বলে। অভিযোগকারীর দাবি, তদন্ত দীর্ঘায়িত করে ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে। এদিকে অভিযোগকারী জানান, তদন্তে অংশ

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (মেহেরপুরে কিশোর অপরাধ বাড়ছে)

নেই কাজ নেই কিছু
নেই লেখাপড়া
শিশু-কিশোর হচ্ছে না মানুষ
হচ্ছে ছন্নছাড়া।
কিশোর অপরাধ দূরে ছিল
এলাকা ছিল মুক্ত
হঠাৎ করে এমন কি হলো
মেহেরপুরে হলো যুক্ত।
পরিবারের অশেচেতনাই
মাদক মোবাইলে আসক্ত
সামাজিকভাবে অবহেলায়
হচ্ছে সৃষ্টি বৈষম্য।
এখন থেকেই ভাবতে হবে
গড়তে হবে পূর্ণ স্থান
আইনের হাত একটু বাড়িয়ে
করতে হবে সমাধান।



## অ্যাডিশনাল ডিআইজির পুলিশ অফিস পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশ অফিস ও সদর কোর্ট পরিদর্শন করেছেন খুলনা রেঞ্জের অ্যাডিশনাল ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট) মোহাম্মদ বেলায়েত হোসেন। গতকাল বুধবার তিনি বার্ষিক, হিসাব শাখার ষান্মাসিক এবং সদর কোর্টের বার্ষিক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে আতশবাজি কারখানায় ভয়াবহ বিস্ফোরণ, নিহত ৬

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের অন্ধ্র প্রদেশে একটি আতশবাজি কারখানায় ভয়াবহ বিস্ফোরণে অন্তত ছয়জন নিহত হয়েছেন। বুধবার (৮ অক্টোবর) অন্ধ্র প্রদেশের ড. বি. আর. আম্বেদকর কোনসীমা জেলার ভি. সাভারাম গ্রামে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। এতে আরও অন্তত দুজন গুরুতরভাবে আহত হয়েছেন। পুলিশ সূত্রে জানা গেছে, লক্ষ্মী গণপতি ফায়ার ওয়ার্কস নামে ওই কারখানায় আতশবাজি তৈরির কাজ চলার সময় হঠাৎ বিকট বিস্ফোরণ ঘটে। মুহূর্তের মধ্যেই আগুন পুরো কারখানায় ছড়িয়ে পড়ে।

২-এর পৃষ্ঠা দেখুন




## শিশু একাডেমির উদ্যোগে বক্তৃতা প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা শিশু একাডেমির উদ্যোগে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে জেলা শিশু একাডেমি মিলনায়তনে এ অনুষ্ঠা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ২৪ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ৯ অক্টোবর ২০২৫ইং

## রোগীকে কানে ধরে ওঠবস করানো চিকিৎসককে মেহেরপুরে বদলি

সূর্যোদয় প্রতিবেদন

সাতক্ষীরা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. শেখ ফয়সাল আহমেদকে মেহেরপুর মেডিকেল অফিসার হিসেবে বদলি করা হয়েছে। ডা. ফয়সাল আহমেদের বিরুদ্ধে ইতোমধ্যেই একাধিক অভিযোগ ওঠেছে। সম্প্রতি তার দীর্ঘ অনুপস্থিতি, সিভিল সার্জনের সঙ্গে অসদাচরণ ও বেসরকারি হাসপাতাল পরিচালনার অভিযোগ ওঠেছে। হাসপাতালের বায়োমেট্রিক হাজিরা রেকর্ডে দেখা গেছে, গত তিন মাসে তিনি মোট ৫০ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। গুরুত্বপূর্ণ বিষয় হলো, গত ৩০ সেপ্টেম্বর তিনি সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ও সিভিল সার্জন ডা. মো. আবদুস সালামের সঙ্গে বাগবিতণ্ডায় জড়িয়ে পড়েন। বিষয়টি নিয়ে ৫ অক্টোবর সিভিল সার্জন মহাপরিচালকের কাছে লিখিত অভিযোগ দাখিল করেন। এর পরদিন ৬ অক্টোবর ডা. ফয়সাল তাঁর সমর্থিত স্বেচ্ছাসেবকদের নিয়ে সদর হাসপাতালের সামনে মানববন্ধন আয়োজন করেন, যা জেলা জুড়ে সমালোচনার জন্ম দেয়। এর আগে, রোগীকে কানে ধরে ওঠবস করানোর অভিযোগে তিনি আলোচনায় আসেন। অভিযোগ অনুযায়ী, সিরিয়াল না মেনে চিকিৎসা নিতে আসা এক নারী রোগীকে জুতা দিয়ে পিটিয়ে কানে ধরে ওঠবস করান ডা. ফয়সাল। এছাড়া, এক ভুক্তভোগী নারী তার মাকে বাঁচাতে গেলে তার শ্লীলতাহানির শিকার হন। ঘটনাটি ঘটে ২০২৪ সালের ৯ নভেম্বর, সাতক্ষীরা শহরের কাটিয়া আমতলায় ডা. ফয়সালের চেম্বারে। ভুক্তভোগী নারী বিউটি বেগম সাতক্ষীরা কলারোয়া উপজেলার শাকদাহ এলাকার মোকাজ্জেল হোসেনের স্ত্রী। এ ঘটনায় তারা সাতক্ষীরা সদর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। একাধিক বিতর্ক ও অভিযোগের পর অবশেষে ডা. শেখ ফয়সাল আহমেদকে সাতক্ষীরা থেকে মেহেরপুরে বদলি করা হলো। ডা. শেখ ফয়সাল আহমেদকে মেহেরপুরে বদলি করায় মেহেরপুরের সাধারণ মানুষের মাঝে বিরুপ মনোভাব সৃষ্টি হয়েছে। কেউ কেউ বলছে তার মতো একজন আচরন জ্ঞানহীন ডাক্তার মেহেরপুরে আসলে মেহেরপুরের চিকিৎসার পরিবেশ নষ্ট হবে। প্রয়োজনে মানববন্ধনসহ বিভিন্ন কর্মসুচি পালনকরে তার মেহেরপুরে আসা প্রতিহত করতে হবে। এর আগে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) ডা. এ বি এম আব্দুল হামিদ জারি করা এক প্রজ্ঞাপনে জানানো হয়, বদলিটি জনস্বার্থে করা হয়েছে। নতুন কর্মস্থলে যোগদানের জন্য বদলিকৃত কর্মকর্তাকে পাঁচ কর্মদিবসের মধ্যে দায়িত্বভার হস্তান্তর করতে হবে। নির্ধারিত

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## রক্তে প্লাটিলেট বাড়ায় যেসব ফল

সূর্যোদয় প্রতিবেদন

দেশে ডেঙ্গুর সংক্রমণ বাড়তে থাকার সাথে সাথে মৃত্যুর সংখ্যাও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। চলতি বছর এখন পর্যন্ত দেশে ২১৭ জন ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে, পাশাপাশি অর্ধ লক্ষাধিক রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। ডেঙ্গু আক্রান্ত হলে রক্তে প্লাটিলেটের সংখ্যা হঠাৎ কমে যেতে পারে, যা শরীরের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। প্লাটিলেট কমে গেলে ইন্টারনাল ব্লিডিংসহ বিভিন্ন জটিলতা দেখা দিতে পারে। প্লাটিলেট হলো রক্তের এমন একটি উপাদান যা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে এবং স্বাভাবিক রক্তপাত রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। স্বাভাবিক প্রতি মাইক্রোলিটার রক্তে ১.৫ লাখ থেকে ৪.৫ লাখ প্লাটিলেট থাকা উচিত। রক্তে প্লাটিলেটের সংখ্যা বাড়াতে দৈনন্দিন খাদ্যতালিকায় কয়েকটি ফল অন্তর্ভুক্ত করা জরুরি। এই ফলগুলো বাজারে সহজলভ্য এবং নিয়মিত গ্রহণ করলে প্লাটিলেটের মাত্রা স্বাভাবিক রাখতেও সাহায্য করে। আমলকি ভিটামিন সি-র উৎকৃষ্ট উৎস। এটি প্লাটিলেট কোষকে শক্তিশালী করে এবং সংক্রমণ ও অক্সিডেটিভ স্ট্রেস থেকে রক্ষা করে। এর ফলে প্লাটিলেট ধ্বংসের হার কমে যায় এবং রক্তে প্লাটিলেটের সংখ্যা দ্রুত বৃদ্ধি পায়। পেঁপে প্লাটিলেট তৈরিতে বিশেষ ভূমিকা রাখে। পেঁপে পাতার রস অস্থিমজ্জাকে সক্রিয় করে নতুন প্লাটিলেট উৎপাদনে সাহায্য করে। এতে থাকা ভিটামিন ও অ্যান্টিঅক্সিডেন্ট রক্ত পরিষ্কার রাখতেও সহায়তা করে। ডালিমে প্রচুর

৩-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে মহিলা রুকনদের অভিভাবক সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নে মহিলা রুকন পরিবারের অভিভাবকদের নিয়ে বিশেষ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয় ।ইউনিয়ন সেক্রেটারি সোহেল রানা মোল্লার পরিচালনায় সমাবেশে সভাপতিত্ব করেন দারিয়াপুর ইউনিয়ন জামায়াতের আমীর মাও. আব্দুল হালিম। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর ও মেহেরপুর-১ আসনের জামায়াত মনোনীত সংসদ প্রার্থী মাও. মোঃ তাজউদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমীর মাও. খানজাহান আলী, উপজেলা নায়েবে আমীর মাও. ফিরাতুল ইসলাম, জেলা জামায়াতের বায়তুলমাল সেক্রেটারি আলহাজ্ব জারজিস হুসাইন,

৩-এর পৃষ্ঠা দেখুন

## সাংবিধানিক আদেশে গণভোটের পরামর্শ, ব্যালটে থাকবে দুই প্রশ্ন

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়নের জন্য অধ্যাদেশ নয়, সাংবিধানিক আদেশের মাধ্যমে গণভোট আয়োজনের পরামর্শ দিয়েছে জাতীয় ঐক্যমত্য কমিশনের বিশেষজ্ঞ প্যানেল। বিশেষজ্ঞদের মতে, গণভোটের ব্যালটে দুটি পৃথক প্রশ্ন রাখা হলে রাজনৈতিক দলগুলোর 'নোট অব ডিসেন্ট' (ভিন্নমত) সংক্রান্ত বিতর্কও এড়ানো সম্ভব হবে। সূত্র জানায়, মঙ্গলবার জাতীয় সংসদে কমিশনের কার্যালয়ে আয়োজিত বৈঠকে বিশেষজ্ঞরা ভার্চুয়ালি অংশ নেন এবং কমিশন সদস্যরা উপস্থিত ছিলেন সরাসরি। বৈঠকে প্রস্তাব করা হয়, ব্যালটে প্রথম প্রশ্ন থাকবে যেসব সংস্কারে সব দলের ঐকমত্য হয়েছে, জনগণ কি সেগুলো অনুমোদন করে? দ্বিতীয় প্রশ্ন থাকবে যেসব সংস্কারে নোট অব ডিসেন্ট রয়েছে, জনগণ কি সেগুলো

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচনে অযোগ্য শেখ হাসিনা, আওয়ামী লীগের বিচারে তদন্ত শুরু

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে কারও বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) গঠিত হলেই তিনি কোনো নির্বাচনে অংশ নিতে বা সরকারি চাকরিতে থাকতে পারবেন নাড়এমন বিধান যুক্ত করে নতুন অধ্যাদেশ জারি করেছে সরকার। আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন, ১৯৭৩-এর ২০(সি) ধারায় সংশোধন এনে আইন মন্ত্রণালয় থেকে গত সোমবার রাতে এ সংক্রান্ত অধ্যাদেশ জারি করা হয়। মঙ্গলবার ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম সংবাদমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেন। এই সংশোধনের ফলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ফরমাল চার্জ গঠিত হওয়ায়

৩-এর পৃষ্ঠা দেখুন

## দুই বছরের যুদ্ধ যেভাবে বদলে দিল মধ্যপ্রাচ্যকে

সূর্যোদয় প্রতিবেদন

দুই বছরের রক্তক্ষয়ী যুদ্ধের পর অবশেষে মধ্যপ্রাচ্যে শান্তির আলোর ক্ষীণ আভা দেখা যাচ্ছে। ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের আকস্মিক হামলার মধ্য দিয়ে যে যুদ্ধের সূচনা হয়েছিল, তা আজ আঞ্চলিক ভূরাজনীতিকে আমূল বদলে দিয়েছে। গাজা আজ ধ্বংসস্তূপে পরিণত। তবে দুই বছর পর, ইসরায়েল ও হামাস এখন কায়রোয় শান্তি আলোচনায় বসেছেড় যা হয়তো নতুন এক অধ্যায়ের সূচনা করবে। আলোচনা সফল হলে গাজার প্রশাসনিক কাঠামো পুরোপুরি বদলে যাবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত ২০ দফা গাজা পরিকল্পনা অনুযায়ী, সেখানে গঠিত হবে একটি নতুন প্রশাসন। এই প্রশাসনের অধীনে কাজ করবে আন্তর্জাতিক ও আরব যৌথ বাহিনী, এবং পুরো

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচনকালীন সরকারের কথা শুনিনি, নির্বাচন করবে এই সরকারই: রিজওয়ানা হাসান

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, নির্বাচনকালীন সরকারের কোনো কথা তিনি শোনেননি। বর্তমান অন্তর্বর্তী সরকারই আসন্ন জাতীয় নির্বাচন পরিচালনা করবে বলে জানিয়েছেন তিনি। বুধবার (৮ অক্টোবর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। তিনি বলেন, "পরিস্থিতি একদমই স্থিতিশীল আছে। শুধু যে অন্তর্বর্তী সরকার বলেছে ফেব্রুয়ারিতে নির্বাচন হবে তা নয়, সব রাজনৈতিক দলও ফেব্রুয়ারিতে নির্বাচনের পক্ষে তাদের কার্যক্রম শুরু করেছে। ফেব্রুয়ারিতে নির্বাচন হবেড় এখানে প্রশ্ন তোলার কোনো অবকাশ আছে বলে আমরা মনে করছি না।" বিচার ও সংস্কার প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে রিজওয়ানা হাসান

৩-এর পৃষ্ঠা দেখুন



## চীন থেকে ২০টি জে-১০ সিই যুদ্ধবিমান কিনছে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

দেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে এবং বাংলাদেশ বিমান বাহিনীকে (বিএএফ) আধুনিকায়নের লক্ষ্যে বড় ধরনের উদ্যোগ নিয়েছে সরকার। চীন থেকে ২০টি জে-১০ সিই (ঔ-১০ ঈঊ) মাল্টিরোল যুদ্ধবিমান কেনার প্রক্রিয়া শুরু হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাজায় যুদ্ধ বন্ধে 'গ্যারান্টি' চায় হামাস

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় যুদ্ধ বন্ধ এবং ইসরায়েলি বাহিনী সম্পূর্ণভাবে গাজার ভূখণ্ড থেকে প্রত্যাহারের 'বাস্তব নিশ্চয়তা' চায় হামাস। মিশরে শার্ম আল-শেইখে মঙ্গলবার দ্বিতীয় দিনে পরোক্ষ আলোচনা শেষে ংঁপযই তথ্য আসে। বিষয়টি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত ২০ দফা পরিকল্পনার আলোচনার অংশ হিসেবে তোলা হয়েছে। আল জাজিরার প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। হামাসের শীর্ষ মুখপাত্র ফাওজি বারহুম এই সময় জানিয়েছেন, তারা যুদ্ধের চূড়ান্ত সমাপ্তি ও ইসরায়েলি

২-এর পৃষ্ঠা দেখুন



## টিভি লাইসেন্স নিয়ে এনসিপি নেতাদের সমালোচনা নুরের

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দুই নেতার নামে দুটি নতুন টেলিভিশন চ্যানেলের লাইসেন্স পাওয়ার প্রেক্ষাপটে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর মন্তব্য করেছেন, যে দুইজনের নামে চ্যানেলগুলো অনুমোদিত হয়েছে, তাদের তিনি ব্যক্তিগতভাবে চেনেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'আমি মনে করি না এটা কোনো নির্বাচন ছিল': তামিম ইকবাল

সূর্যোদয় প্রতিবেদন

সম্প্রতি অনুষ্ঠিত বিসিবির পরিচালনা পর্ষদের নির্বাচনে অংশগ্রহণ না করায় আবারও সরব হয়েছেন সাবেক অধিনায়ক তামিম ইকবাল। সোমবারের নির্বাচনের পর বুধবার নির্বাচন বয়কট করা ক্লাবগুলোর পক্ষে সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেছেন যে, এই নির্বাচনকে তিনি 'নির্বাচন' হিসেবে মানতে পারছেন না। সংবাদ সম্মেলনে তামিম বলেন, "আমি মনে করি না এটা কোনো নির্বাচন ছিল। ছোট একটি বিষয় যাচাই করতে চাইড়আমি ই-ভোটিংয়ের জন্য আবেদন করেছিলাম, কিন্তু বিভি

৩-এর পৃষ্ঠা দেখুন


জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- 100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## ফিশিং অ্যাটাক

সূর্যোদয় প্রতিবেদন

ফিশিং হলো এক ধরনের সাইবার প্রতারণা, যেখানে প্রতারকরা নকল বার্তা, ইমেইল বা ওয়েবসাইট ব্যবহার করে ব্যবহারকারীর পাসওয়ার্ড, ব্যাংক তথ্য, ক্রেডিট কার্ড নম্বর বা অন্যান্য সংবেদনশীল তথ্য হাতিয়ে নেওয়ার চেষ্টা করে। কখনো এসব লিংকের মাধ্যমে ম্যালওয়্যার ইন্সটল করে ডিভাইসের নিয়ন্ত্রণও নিয়ে নেয় প্রতারকরা। এর ফলে শুধু আর্থিক ক্ষতি নয়, অফিসিয়াল নথি, যোগাযোগের ঠিকানা ও ব্যক্তিগত গোপনীয়তাও ঝুঁকিতে পড়ে। যেভাবে চিনবেন ফিশিং বার্তা– অচেনা বা অদ্ভুত ইউআরএল: প্রতিষ্ঠানের নামের মতো দেখালেও ডোমেইন বা বানানে সামান্য ভুল থাকতে পারে। অতিরিক্ত চাপ বা তাড়াহুড়ো:



"আপনি বিজয়ী", "২৪ ঘণ্টার মধ্যে রেজিস্ট্রেশন করুন" এমন বার্তায় সাবধান হোন। অস্বাভাবিক ভাষা বা বানান ভুল: অফিসিয়াল বার্তায়

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ) আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ৯ অক্টোবর ২০২৫ ইং

## পানিবন্দি আনন্দবাস : দীর্ঘ ভোগান্তির স্থায়ী সমাধান কোথায়

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ফরিদপুরপাড়া অঞ্চলের প্রায় অর্ধশত মানুষের জীবন চার-পাঁচ বছর ধরে জলাবদ্ধতার মধ্যে আটকে আছে। মাত্র ২৫০ মিটার নিচু রাস্তার কারণে প্রতি বর্ষায় তিন-চার মাস পানিতে ডুবে থাকে পুরো এলাকা। ঘরবাড়ি, স্কুলপথ, এমনকি জীবনযাত্রার ন্যূনতম স্বাচ্ছন্দ্য সবকিছুই ভেসে যায় পানির নিচে। বর্ষায় ঘরের ভেতরেও পানি উঠে যায়, চৌকি পানির ওপর রেখে ঘুমাতে হয়। অন্যদিকে অভিযোগ, কয়েকটি পরিবার নিজের সীমানায় বাঁধ নির্মাণ করে পানি বের হওয়ার পথ বন্ধ করে দিয়েছে। ফলে পাশের পরিবারগুলো বছরের পর বছর পানিবন্দি হয়ে মানবেতর জীবন যাপন করছে। দুর্গন্ধ, মশা, সাপের উপদ্রব সব মিলিয়ে যেন এক নিত্য দুর্ভোগের চিত্র। শিশুরাও রেহাই পাচ্ছে না এই কষ্ট থেকে। স্কুলে যাওয়ার পথে পানি মাড়িয়ে যেতে হয়, অনেক সময় জামাকাপড় নষ্ট হয়ে যায়, কখনো যেতে পর্যন্ত পারে না। এ যেন ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষার ওপরও এক নীরব আঘাত। ভুক্তভোগীদের দাবি, প্রশাসনের দ্রুত হস্তক্ষেপ ছাড়া এই পরিস্থিতির পরিবর্তন সম্ভব নয়। তবে যাঁরা বাড়ির চারপাশে বাঁধ তুলে বসতবাড়ি করেছেন, তাঁদের বক্তব্য রাস্তা নিচু থাকায় তাঁরাও ভোগান্তিতে আছেন; তাই ঘর উঁচু করা ছাড়া উপায় ছিল না। এই দীর্ঘস্থায়ী জলাবদ্ধতা কেবল ভৌগোলিক সমস্যা নয়, এটি এক মানবিক সংকটও বটে। মাত্র কয়েকশ' মিটার রাস্তার কারণে অর্ধশত মানুষ বছরের এক-তৃতীয়াংশ সময় পানিতে বন্দি জীবন কাটান এ বাস্তবতা স্থানীয় উন্নয়ন পরিকল্পনার ব্যর্থতাকেই চোখে আঙুল দিয়ে দেখায়। প্রশাসনের দায়িত্ব শুধু প্রতিশ্রুতিতে শেষ হওয়া উচিত নয়; দ্রুত মাঠপর্যায়ে স্থায়ী ড্রেনেজ ব্যবস্থা ও রাস্তা উঁচু করার কাজ শুরু না হলে আগামী বর্ষায়ও এই মানুষগুলোর দুঃখের শেষ হবে না।

## মাদ্রাসা শিক্ষার্থীকে পিটিয়ে জখম

(প্রথম পৃষ্টার পর)

আহত এক শিশুকে তার পরিবার হাসপাতালে ভর্তি করে। তার শরীরের বিভিন্ন স্থানে আঘাত ও ক্ষতর চিহ্ন রয়েছে। তাকে নির্দয় ভাবে পেটানো হয়েছে।গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন বলেন, ঘটনার বিষয়ে এখনো কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুর জেলা বিএনপির

(প্রথম পৃষ্টার পর)

সার পাচ্ছে। বাকি কৃষকেরা বঞ্চিত। এই অবস্থা চলতে থাকলে আমরা চাষাবাদে বড় ক্ষতির মুখে পড়ব।" ডিলার প্রতিষ্ঠানের ম্যানেজার মনিরুজ্জামান টোকেন ব্যবস্থার সত্যতা স্বীকার করে বলেন, "সারের সংকট রয়েছে। অযথা ভিড় ও বিশৃঙ্খলা এড়াতে সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামানের দেওয়া টোকেন অনুযায়ী সার বিতরণ করা হচ্ছে।" তবে প্রতিষ্ঠানটির মালিক এনামুল হোসেন ভিন্ন কথা বলেন, "আমরা সীমিত পরিমাণে সার বরাদ্দ পেয়েছি। কিন্তু কাউকে টোকেনের ভিত্তিতে সার দেওয়া হচ্ছে না।" জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান অবশ্য অভিযোগ অস্বীকার করে বলেন, "প্রকৃত কৃষকদের মাঝে সুষ্ঠুভাবে সার বিতরণ নিশ্চিত করতেই আমরা টোকেন ব্যবস্থা করেছি। এতে কৃষকদের উপকারই হচ্ছে।" তবে স্থানীয়দের মতে, এই টোকেন এখন এক ধরনের 'রাজনৈতিক প্রভাবের প্রতীক' হয়ে উঠেছে। ইউনিয়নের অনেক কৃষক বলেন, যাদের সঙ্গে সাবেক চেয়ারম্যানের ঘনিষ্ঠতা আছে, তারাই সহজে টোকেন পান। ফলে একজন জনপ্রতিনিধির প্রভাব ব্যবহার করে সার বণ্টনে অসমতা তৈরি হচ্ছে। ধানখোলা ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা নাঈমুর রহমান বলেন, "এখানে রাজনৈতিক প্রভাব এতটাই প্রবল যে আমরা সার বিতরণে হস্তক্ষেপ করতে পারছি না। আমার চাকরি চলে গেলেও ওই ব্লকের দায়িত্ব নিতে পারব না।"একজন সরকারি কর্মকর্তার এমন বক্তব্য স্থানীয় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে। এ বিষয়ে জানতে গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেনের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। ধানখোলা ইউনিয়নের বিস্তীর্ণ এলাকাজুড়ে এখন শীতকালীন ফসলের প্রস্তুতি চলছে। এই সময়ে সার না পেলে কৃষকদের চাষাবাদ ব্যাহত হবে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। অনেকেই বলছেন, সরকারি সার বিতরণ ব্যবস্থায় রাজনৈতিক হস্তক্ষেপ না কমলে ভবিষ্যতে সাধারণ কৃষকরা আরও বিপদে পড়বেন। স্থানীয় সচেতন মহল মনে করছে, সরকারের স্বচ্ছ সার বিতরণ নীতিমালা অনুসারে প্রকৃত কৃষকদের তালিকা ও বরাদ্দ নিশ্চিত করে পর্যবেক্ষণ জোরদার না করলে এই অনিয়ম বন্ধ হবে না।

## অন্তর্বর্তী সরকার প্রশাসন সাজাতে

(প্রথম পৃষ্টার পর)

পদোন্নতি প্রক্রিয়া ও সুপিরিয়র সিলেকশন বোর্ডের (এসএসবি) বৈঠকও স্থগিত রয়েছে। সূত্র জানায়, পরবর্তী জনপ্রশাসন সচিব হিসেবে আলোচনা চলছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. নাসিমুল গণি, ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এএসএম সালেহ আহমেদ, গণপূর্ত সচিব নজরুল ইসলাম, স্থানীয় সরকার সচিব রেজাউল মাকসুদ জাহেদীসহ অন্তত পাঁচজনের নাম। এদের মধ্যে একজন নারী কর্মকর্তার নামও আছে। সাধারণত এই পদে জ্যেষ্ঠতম ব্যাচ থেকে নিয়োগ দেওয়া হয়।

জনপ্রশাসন বিশেষজ্ঞরা মনে করছেন, দলীয় চিন্তা ও প্রভাবের বাইরে দক্ষতা বিবেচনা করে এই পদে সঠিক ব্যক্তি বসাতে না পারলে, আগামী নির্বাচনের সুষ্ঠুতা প্রভাবিত হতে পারে। প্রশাসন সাজানোর এ কার্যক্রমে দেশের সব রাজনৈতিক দল চোখ রাখছে।

## মেহেরপুর ও গাংনীতে জাতীয় কন্যা

(প্রথম পৃষ্টার পর)

আয়োজনে গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে মহিলা বিষয়ক অধিদপ্তর মিলনায়তনে আলোচনা সভা ও অনুষ্ঠিত হয়। এ আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (অ.দা.) নাসিমা খাতুনের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, প্রশিক্ষক মীর দানিয়াল হোসেন রনি, প্রশিক্ষণার্থী কনিকা ইসলাম, জেমি জান্নাত প্রমুখ। পরে জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। গাংনী : আমি কন্যশিশু স্বপ্নগড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি" স্লোগানে মেহেরপুরের গাংনীতে পালিত হয়েছে জাতীয় কন্যা শিশু দিবস। এ উপলক্ষে গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টায় গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা আনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমানের সঞ্চালানয় বক্তব্য রাখেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোত্তালেব আলী, মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম, সাংবাদিক রফিকুল আলম বকুল, তথ্য আপা রিফাত জাহান। আলোচনা সভা শেষে চিত্রাংকন প্রতিযোগীতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

নাসরিন সুলতানা চৌধুরি

## ভাষা আমার ভালবাসা, ভাষায় ভাসাই মনের ভেলা

২য় ভাগ

এই ভাষাতে তুমি হয়ে গেল" তুমহে।" প্রাচীন বাংলা ভাষা চৌদ্দ শতকে এসে কিছুটা রূপ পাল্টে হয়ে গেল 'মধ্য বাংলা' ভাষা। মধ্য বাংলাই দীর্ঘ চারশত বছর ঘষামাজা করে রংঢং পাল্টে আঠারো শতকে এসে নাম পাল্টে হয়ে গেল 'আধূনিক বাংলা'ভাষা। বাপরে বাপ !এই ভাষা এত দীর্ঘ সময় আর পথ পাড়ি দিয়ে আমাদের কাছে এসেছে।এই ভাষা না থাকলে আমি তুমি কেউ এত সহজে মনের জমে থাকা পাহাড় সমান কথা শেয়ার বা প্রকাশ করতে পারতাম না। বাংলা ভাষার মত পৃথিবীর প্রতিটি ভাষারই রয়েছে জন্মের ইতিহাস আছে বংশ পরিচয় ।

বাংলা 'তুমি'শব্দটি কিভাবে পরিবর্তিত হয়েছে তা দেখাচ্ছি -ইন্দো ইউরোপীয়ানড়-যূস, শতমড়ড়্যূস, আর্যড়ড়্যূস, প্রাচীন ভারতীয় আর্যড়-যূয়ম, আদিম প্রাকৃতড়-তূষ্মে, প্রাচীন প্রাচ্য প্রাকৃত ড়-তুমহে, গৌড়ি প্রাকৃত ড়ড়-তুমহে, গৌড়ি অপভ্রংশ ড়ড়তুমহে, প্রাচীন বাংলা ড়ড়-তুমহে

মধ্যে বাংলা ড়ড়ড়তুমহি, আধুনিক বাংলা ড়ড়তুমি। ইথনোলগের দেয়া তথ্য মতে, পৃথিবীতে বর্তমানে মানুষ ৭০৯৯ টি ভাষায় কথা বলে।

তিরিশ কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে। পৃথিবীর তিনটি দেশের রাষ্ট্রীয় ভাষা বাংলা । বাংলাদেশ,ভারত,ও সিয়েরালিয়ন। শুধুমাত্র ভালবাসার তাগিদে সুদূর সিয়েরালিয়নের অধিবাসীরা বাংলাভাষাকে তাদের রাষ্ট্রীয় ভাষার মর্যাদা দিয়েছে। আমাদের দেশের শান্তি মিশনে যাওয়া সেনাবাহিনীর মূখে শুনে শুনে ওরা বাংলা ভাষায় কথা বলা শিখেছে বাংলা গান শিখেছে। আমাদের এই সহজলভ্য ভাষাটি কিন্তু সহজলভ্য হতো না যদি না বায়ান্নর একুশে ফেব্রুয়ারিতে ঈদের মতো একটি আনন্দের দিনে ভাষা শহীদরা রক্ত ঝরাতেন। পৃথিবীর সাত হাজার নিরান্নব্বই ভাষা থেকে সবচেয়ে সহজ আর সুন্দর আমার কাছে আমাদের মাতৃভাষা।আমার দূঃখ,ভালবাসা,আনন্দ বেদনা,প্রেম বিরহ, হিংসা,রাগক্ষোভ,লোভ,আশা,আকাংক্ষা,ঝগড়া, তর্ক বিতর্ক সব কিছুই কত অবলীলায় আজ প্রকাশ করতে পারি।আমাদের দেশে আরো অনেক ভাষাভাষির নৃগোষ্ঠীর বসবাস রয়েছে।এই নৃগোষ্ঠী গুলির আনেকের ভাষাই আজ বিলূপ্তির পথে। বান্দরবনের ম্রো নৃগোষ্ঠীর একটি উপগোষ্ঠীর ভাষার নাম রেংমিটচা। এই 'রেংমিটচা' ভাষায় কথা বলা মানুষের সংখ্য মাত্র হাতে গোনা তিরিশ জন। কি ভয়ংকর কথা বার্তা।গবেষকদের কথায় রীতিমতো পিলে চমকে যায় । আমি যখন আমার বাংলা ভাষায় কিছু বলছি তখন তা আরও(২৯৯৯৯৯৯৯৯) জন অর্থাৎ উন তিরিশ কোটি, নিরানব্বই লক্ষ,নিরানব্বই হাজার নয়শত নিরান্নব্বই জন বুঝতে পারছে বা আমি তাদের মাঝে আমার চিন্তা চেতনাকে ছড়িয়ে দিতে পারছি। আহ! কি ভাগ্যবান আমি আর কত শক্তি শালী আমার ভাষা। আমি একা নই ,ভাষার ঐক্যে বা ভিত্তিতে অন্তত আরও উনত্রিশ কোটি,নিরানব্বই লক্ষ,নিরানব্বই হাজার ,নয়শত নিরানব্বই জন মানুষ আমার সাথে আছে। ভাষাকে ভালবেসে যত্ন আত্তি না করলে কিন্তু সে হারিয়ে যাবে কালের গহ্বরে । ভাষার অবমূল্যায়ন ও বিকৃতি রোধ করতে সুন্দর ও শুদ্ধ ভাষা ব্যবহার ও প্রয়োগ করি আজ থেকেই।

## চুল রাখার সুন্নত পদ্ধতি

মুহাম্মদ আল আমিন

পুরুষদের জন্য বাবরি চুল রাখা সুন্নাত। কেননা, রাসুলুল্লাহ (সা.) এর সাধারণ অভ্যাস ছিল বাবরি চুল রাখা। তা তিন পদ্ধতিতে হতে পারে। এক. উভয় কাঁধ বরাবর। দুই. ঘাড়ের মাঝামাঝি। তিন. উভয় কানের লতি পর্যন্ত। রাসুলুল্লাহ (সা.) এহরাম থেকে হালাল হওয়ার জন্য মাথা মুণ্ডাতেন। এছাড়া তিনি কখনো মাথা মুণ্ডাননি। এ সময় তিনি মাথা মুণ্ডানোকে চুল ছোট করে রাখার উপর প্রাধান্য দিয়েছেন। এজন্য ইমাম তাহতাবী (রহ.) বলেন, মাথা ন্যাড়া করাও সুন্নত। আর কিছু অংশ মুণ্ডানো ও কিছু রেখে দেয়া নিষেধ। মুণ্ডাতে ইচ্ছে না করলে চুল ছোট রাখা যেতে পারে। মাথার সামনের দিকে চুল বড় রেখে পেছন বা মাথার পাশের চুল ছোট করে রাখা যদিও নাজায়েজ নয় তবে তা নেক লোকদের রীতিবিরোধী। তাই এ থেকে বিরত থাকা উচিত। আর পুরো মাথার চুল সমান করে কেটে ঘাড় ও কানের পাশের চুলের মাথা সমান করার জন্য ক্ষুর ব্যবহার করার অবকাশ আছে। আলেমগণ তিন তরিকায় বাবরি রাখাকে সুন্নাত আর মাথার চুল ছোট করে রাখা বা মুণ্ডানোকে জায়েজ বলেন। এছাড়া সামনে বা পেছনে লম্বা রাখা অথবা ডানপাশে বা বামপাশে ছোট-বড় করে রাখাকে জায়েজ মনে করেন না। এক্ষেত্রে লক্ষণীয় বিষয় হল, চুলের যে কাটিং ভিন্ন কোন জাতি সত্তার অনুকরণে হবে, তাই নাজায়েজের মধ্যে শামিল হবে। মেয়েদের জন্য চুল মুণ্ডন করা বা কেটে ছেলেদের মতো করে ফেলা নিষেধ। আবার এতো বড় রাখা উচিত নয় যে, গোছলের সময় পানি পৌঁছানো কষ্টকর হয়। বরং পিঠ বা কোমর পর্যন্ত রাখা ভালো। সেমতে কোমরের নিচের অংশ কেটে ফেলা জায়েয হবে। অবশ্য না কাটলেও কোনো সমস্যা নেই।

## গাংনী টেস্ট বাণিজ্য: তদন্ত কমিটির

(প্রথম পৃষ্টার পর)

নিতে গেলে বহিরাগত কিছু লোক তাকে বাধা দেয় ও ভয়ভীতি দেখায়। অভিযোগ আছে, অভিযুক্ত চিকিৎসকের পক্ষ থেকে কয়েকজন ব্যক্তি তার বাড়িতেও গিয়ে লিখিত অভিযোগ প্রত্যাহারের জন্য চাপ সৃষ্টি করেন। এতে পরিবারটি চরম নিরাপত্তাহীনতায় ভুগছে বলে জানিয়েছেন তিনি। ইসমোতারা বেগম বলেন,অভিযোগ করার পর থেকেই নানা চাপ আসছে। আমি ভয় পাচ্ছি, কিন্তু অন্যায়ের প্রতিবাদ করতে চাই। গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ-এর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে ফোনে পাওয়া যায়নি। উল্লেখ্য, এর আগেও ডা. ফারুক হোসেনের বিরুদ্ধে টেস্ট বাণিজ্য ও দুর্ব্যবহারের অভিযোগ ওঠে। সেই তদন্তে 'অভিযোগকারী না পাওয়া'র কারণ দেখিয়ে প্রতিবেদন দাখিল করা হয়। প্রতিবেদনে চিকিৎসক ভবিষ্যতে এমন কাজ করবেন না বলে আশ্বাস দেন। তবে পুনরায় একই অভিযোগ ওঠায় স্বাস্থ্য কমপ্লেক্সের সেবা মান ও প্রশাসনিক তৎপরতা নিয়ে প্রশ্ন উঠেছে।

## শিশু একাডেমির উদ্যোগে বক্তৃতা

(প্রথম পৃষ্টার পর)

আইয়ুব হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সরকারি পরিচালক সুরুজ্জামান। "আমি কন্যা শিশুর স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি" এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর পিটিআই-এর সহকারী সুপার ফরিদা ইয়াসমিন। বক্তারা বলেন, কন্যা শিশুর নিরাপত্তা, শিক্ষা ও উন্নয়ন নিশ্চিত করতে পরিবার ও সমাজের সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। একই সঙ্গে কন্যা শিশুদের আত্মবিশ্বাসী ও স্বনির্ভর নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান তারা। অনুষ্ঠান শেষে জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে আয়োজিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

## ভারতে আতশবাজি কারখানায়

(প্রথম পৃষ্টার পর)

এতে শ্রমিকদের অনেকের দেহ সম্পূর্ণভাবে পুড়ে যায়। জেলার পুলিশ সুপার রাহুল মীনা স্থানীয় সংবাদমাধ্যম দ্য হিন্দুকে বলেন, "অন্তত ছয়জনের মৃত্যু হয়েছে। তাদের দেহ পুরোপুরি পুড়ে গেছে। ধারণা করা হচ্ছে, তারা কারখানার শ্রমিক ছিলেন।" তিনি আরও জানান, উদ্ধার অভিযান এখনো চলছে এবং নিহতদের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। আহত দুজনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে, বিস্ফোরণটি সম্ভবত আতশবাজি তৈরির সময় অসাবধানতার কারণে ঘটেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, কারখানাটি লাইসেন্সপ্রাপ্ত ছিল। তবে বিস্ফোরণের সুনির্দিষ্ট কারণ উদঘাটনে তদন্ত চলছে।

## গাংনীতে পাওনা টাকা চাওয়ায় আহত

(প্রথম পৃষ্টার পর)

মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে হাসান ও হেলাল দেশীয় অস্ত্র দিয়ে আতাউল হক ও মাজেদুল ইসলামের ওপর হামলা চালায়। এতে তারা গুরুতর আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে অবস্থার অবনতি হলে দু'জনকেই কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। গাংনী থানার ওসি (তদন্ত) আল মামুন বলেন, ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্তসাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## অ্যাডিশনাল ডিআইজির পুলিশ অফিস

(প্রথম পৃষ্টার পর)

পরিদর্শনকালে তিনি বিভিন্ন প্রশাসনিক নথি, আর্থিক ব্যবস্থাপনা ও কোর্ট কার্যক্রমের মানোন্নয়ন প্রক্রিয়া পর্যালোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস), এবং জেলার বিভিন্ন ইউনিটের ইনচার্জগণ। অ্যাডিশনাল ডিআইজি বেলায়েত হোসেন পুলিশের কার্যক্রমে স্বচ্ছতা, শৃঙ্খলা ও জনবান্ধব সেবার ওপর গুরুত্বারোপ করেন এবং মাঠপর্যায়ে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান, এবং অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. আতিকুল হকসহ পুলিশের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

## আফগান সীমান্তে সংঘর্ষে পাকিস্তানের

(প্রথম পৃষ্টার পর)

চালায়। এতে ১১ সেনা প্রাণ হারান এবং পাল্টা অভিযানে অন্তত ১৯ জঙ্গি নিহত হয়। হামলার দায় স্বীকার করেছে টিটিপি। নিহত সেনাদের মধ্যে রয়েছেন, লেফটেন্যান্ট কর্নেল জুনাইদ আরিফ (৩৯), মেজর তায়েব রাহাত (৩৩), নায়েব সুবেদার আজম গুল (৩৮), নায়েক আদিল হুসাইন (৩৫), নায়েক গুল আমির (৩৪), ল্যান্সনায়েক শের খান (৩১), ল্যান্সনায়েক তালিশ ফারাজ (৩২), ল্যান্সনায়েক ইরশাদ হুসাইন (৩২), সিপাহী তুফায়েল খান (২৮), সিপাহী আকিব আলী (২৩) ও সিপাহী মোহাম্মদ জাহিদ (২৪)। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, জঙ্গিরা প্রথমে একটি সামরিক মহড়ার সময় রাস্তার পাশে পেতে রাখা বোমা বিস্ফোরণ ঘটায়। এরপর গুলি চালিয়ে হামলা শুরু করে টিটিপি সদস্যরা। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ নিহত সেনাদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাঁদের বীরত্ব ও আত্মত্যাগের প্রশংসা করেছেন। তিনি বলেন, "জাতি আমাদের সাহসী সেনাদের ত্যাগ কখনও ভুলবে না।" সরকারি সূত্র জানিয়েছে, ঘটনাস্থলে এখনো স্যানিটাইজেশন অপারেশন চলছে, যাতে অবশিষ্ট জঙ্গিদের খুঁজে বের করে নির্মূল করা যায়। সাম্প্রতিক মাসগুলোতে পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে টিটিপি হামলার ঘটনা বেড়েছে। ইসলামাবাদের অভিযোগ, এই গোষ্ঠী আফগানিস্তানের ভেতরে আশ্রয় নিয়ে পাকিস্তানে হামলার পরিকল্পনা করছে এবং এতে ভারতের সহায়তা রয়েছে। তবে কাবুল ও নয়াদিল্লি উভয়ই এমন অভিযোগ অস্বীকার করেছে। শার্ম আল-শেইখে আলোচনার ফলাফল ও পরবর্তী কদম সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত না থাকা পর্যন্ত পরিস্থিতি অনিশ্চিতই রয়ে গেছে। তবে অংশগ্রহণকারীরা জানিয়েছেন ড় বন্দি মুক্তি ও সৈন্য প্রত্যাহারের বিষয়টি আলোচ্য তালিকার শীর্ষে রয়েছে এবং এগুলো বাস্তবায়ন না হলে স্থায়ী যুদ্ধবিরতি মূলত অসম্ভব বলে মনে করছে সংশ্লিষ্ট পক্ষগুলো।

## তেঁতুলবাড়ীয়া যুবদলের কর্মী সভা

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা যুবদলের সদস্য সচিব মো. জাহিদুল ইসলাম জাহিদ। সভা সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মো. মিলন হোসেন। সভায় ইউনিয়ন যুবদলের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

## মেহেরপুর জামায়াতের গনসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

গনসংযোগ ও সমাবেশের নেতৃত্ব দেন। এসময় মহাজনপুর ইউনিয়নের বিভিন্ন সড়কের ও ব্যবসা প্রতিষ্ঠানে মতবিনিময় করেন। অনুষ্ঠানে মহাজনপুর ইউনিয়ন আমির আব্দুল হামিদের সভাপতিত্বে বিশেষ মেহমান হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামাতের আমির মাওলানা খান জাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাসার, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি জনাব ফজলুল হক গাজী, মহাজনপুর ইউনিয়ন পরিষদের জামায়াত মনোনীত চেয়ারম্যান প্রার্থী মাওলানা আহসানুজ্জামান মিলন, মহাজনপুর ইউনিয়ন সেক্রেটারি আব্দুর রহমান প্রমুখ।

## সাংবাদিকের প্রতিবেদনে বক্তব্য

(প্রথম পৃষ্টার পর)

করেছেন, কিন্তু কোথাও বিচার পাননি। এর কয়েক ঘণ্টা পর মঙ্গলবার ভোরে পুলিশ তাঁর বাড়িতে অভিযান চালায়। পরিবারের অভিযোগ, পুলিশের সঙ্গে থাকা কয়েকজন ব্যক্তি বাড়িঘর ভাঙচুর ও পরিবারের সদস্যদের মারধর করে।

পুলিশের দাবি, গত ২৯ সেপ্টেম্বর কামারপাড়া এলাকা থেকে স্বর্ণের বারসহ আটক এক নারী আদালতে জবানবন্দিতে পুতুলের নাম উল্লেখ করেন। সেই ভিত্তিতে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। তবে স্থানীয়দের মতে, পুতুলের নামে আগে কখনো কোনো মামলা ছিল না। অনেকেই মনে করছেন, সাংবাদিকের অনুসন্ধানে বক্তব্য দেয়ার কারণেই তাঁকে ফাঁসানো হয়েছে। চুয়াডাঙ্গার পুলিশ সুপার বলেন, "স্বর্ণ চোরাচালান মামলার ভিত্তিতেই গ্রেপ্তার করা হয়েছে। সাংবাদিকের প্রতিবেদনের সঙ্গে সম্পর্ক নেই।" সাংবাদিক ইলিয়াসের প্রতিবেদনে দাবি করা হয়, শরীফ-টরিক দুই ভাইয়ের নেতৃত্বে বিএনপির নামে চাঁদাবাজি ও অপকর্ম চলছে, যা দলের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে। পুতুলের গ্রেপ্তারের ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনা চলছে। অনেকেই প্রশ্ন তুলছেনড় অনুসন্ধানী প্রতিবেদনে বক্তব্য দেয়ার পরপরই গ্রেপ্তার, এটি কি নিছক কাকতালীয়?

## গাংনীতে কীটনাশক ব্যবসায়ীকে জরিমানা

(প্রথম পৃষ্টার পর)

পরিচালনা করেন মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেসার্স ফারুক ট্রেডার্সে অভিযান চালানো হয়। সেখানে নিম্নমানের ও মেয়াদোত্তীর্ণ কীটনাশক বিক্রির প্রমাণ পাওয়া গেলে প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী ফারুক হোসেনকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৫১ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

## দুই জনের কারাদণ্ড ও জরিমানা

(প্রথম পৃষ্টার পর)

খাঁ বাদীর গ্রামে বসবাস শুরু করেন। বাদীর পিতা সাময়িকভাবে তাদের বসবাসের অনুমতি দেন। কিন্তু পরবর্তীতে দীন মোহাম্মদ বাদীর পৈতৃক জমির একটি অংশ নিজের নামে জাল দলিল তৈরি করে আত্মসাতের চেষ্টা চালান। পরে বাদী গাংনী সাবরেজিস্ট্রি অফিসে দলিলটি যাচাই করে জাল প্রমাণিত করেন। এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি), গাংনী প্রজাস্বত্ব আইন ১৯৫০-এর ১৫০ ধারা অনুযায়ী দলিলভিত্তিক নামজারী বাতিলের আদেশ দেন। আদালতে অভিযোগ প্রমাণিত হওয়ায় দীন মোহাম্মদকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অন্য মামলার বিবরণে জানা যায়, জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে বাদী সাংবাদিক সম্মেলন শেষে বাড়ি ফেরার সময় আসামিরা সংঘবদ্ধ হয়ে তার ওপর হামলা চালান। হামলার সময় আসামি আব্দুল খালেক ইট দিয়ে বাদীর মাথায় আঘাত করে গুরুতর জখম করেন।পরবর্তীতে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। দীর্ঘ সাক্ষ্যগ্রহণ ও নথি পর্যালোচনার পর আদালত অভিযোগ প্রমাণিত হওয়ায় আব্দুল খালেককে এক বছরের সশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানা করেন। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ডের আদেশ দেন। রায় ঘোষণার পর দণ্ডপ্রাপ্তদের আদালত প্রাঙ্গণ থেকেই কারাগারে পাঠানো হয়।

## গাজায় যুদ্ধ বন্ধে 'গ্যারান্টি' চায় হামাস

(শেষ পৃষ্টার পর)

সৈন্যদের সম্পূর্ণ প্রত্যাহার চান। তবে ট্রাম্পের পরিকল্পনায় প্রত্যাহারের নির্দিষ্ট সময়সূচি উল্লেখ না থাকায় এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। পরিকল্পনা অনুযায়ী, হামাসের কাছে বন্দি থাকা ৪৮ জনের মধ্যে ধাপে ধাপে মুক্তি দেওয়ার পরে সেনা প্রত্যাহারের প্রক্রিয়া শুরু হবে এভাবে বলা হয়েছে যে মুক্তিপ্রাপ্তি ও প্রত্যাহার বাংলা মিলিয়ে চালানো হবে। এক নাম প্রকাশ না করার শর্তে হামাসের এক কর্মকর্তা আল জাজিরাকে বলেন, তারা বন্দিদের ধাপে ধাপে মুক্তি দিতে ইচ্ছুক এবং এটি ইসরায়েলি সেনা প্রত্যাহারের অগ্রগতির সঙ্গে সংযুক্ত থাকবে। মঙ্গলবারের আলোচনায় বন্দি বিনিময় কালের সূচি ও সেনাবাহিনীর প্রত্যাহারের ভূখণ্ডগত মানচিত্র নিয়েও আলোচনা হয়েছে। হামাসের অবস্থান ড় শেষ বন্দি মুক্তির সময়ই ইসরায়েলের চূড়ান্ত প্রত্যাহার সম্পন্ন হওয়া উচিত। হামাসের শীর্ষ আলোচক খালিল আল-হায়্যা বলেছেন, তারা ইসরায়েলর ওপর "এক মুহূর্তের জন্যও ভরসা করেন না" এবং যুদ্ধ সম্পূর্ণভাবে বন্ধ রাখার বাস্তব ও বাধ্যতামূলক নিশ্চয়তা চান। তিনি অভিযোগ করেছেন, পূর্ববর্তী যুদ্ধবিরতির চুক্তিগুলো ইসরায়েল লঙ্ঘন করেছেড়এই ইতিহাসের আলোকে তারা এবারের চুক্তিতে জোরদার নিরাপত্তা ও গ্যারান্টি চান। আপরদিকে, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের আক্রমণের বার্ষিকতায় বলেছিলেন যে গত দুই বছরের সংঘাত ইসরায়েলের অস্তিত্ব ও ভবিষ্যের জন্য একটি বড় পরীক্ষার মতো। তিনি রুখে বলেছিলেন, দেশটি যুদ্ধের সকল লক্ষ্য অর্জন না করা পর্যন্ত লড়াই চালিয়ে যাবে; লক্ষ্যগুলোর মধ্যে রয়েছে বন্দিদের মুক্তি, হামাসের শাসন শেষ করা এবং গাজাকে ভবিষ্যতে ইসরায়েলের জন্য হুমকি বানতে দেওয়া না। আলোচনার তৃতীয় পক্ষ হিসেবে কাতার ও যুক্তরাষ্ট্রের জ্যেষ্ঠ কর্মকর্তারা শার্ম আল-শেইখে যোগ দিচ্ছেন বলে জানান হয়েছে। মিশরে চলা ওই পরোক্ষ আলোচনার ধারা বুধবারও অব্যাহত থাকার কথা রয়েছেড়আশা করা হচ্ছে, বন্দি মুক্তি ও সৈন্য প্রত্যাহারের ক্রমগত সূচি নির্ধারণে সেখানে অগ্রগতি হবে। তবে ব্রিফিংয়ে হামাস জোর দিয়ে বলেছে যে, তাদের প্রতিরোধের অধিকার অস্বীকার করা যাবে নাড়এক যৌথ বিবৃতিতে তারা ঘোষণা করেছে, "ফিলিস্তিনিদের অস্ত্র কেড়ে নেওয়ার অধিকার কারো নেই" ড় যা হয়ত মার্কিন পরিকল্পনার একটি অংশে হামাসকে নিরস্ত্রীকরণশর্তের জবাব হিসেবেই দেওয়া হলো।

## চীন থেকে ২০টি জে-১০ সিই যুদ্ধবিমান কিনছে বাংলাদেশ

(শেষ পৃষ্টার পর)

অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর এই যুদ্ধবিমানগুলো যুক্ত হলে বিমান বাহিনীর আক্রমণ ও প্রতিরক্ষা সক্ষমতা বহুগুণে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া তাঁর ভেরিফায়েড ফেসবুক পেজে এ তথ্য প্রকাশ করেছেন। সরকারি সূত্রে জানা গেছে, বিমান কেনার এই প্রকল্প ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ অর্থবছরের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। চীন সরকারের সঙ্গে সরকারি থেকে সরকারে (এ২এ) পদ্ধতিতে এই ক্রয়চুক্তি সম্পাদিত হবে। প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে প্রস্তুত করা সম্ভাব্য ব্যয়ের হিসাব অনুযায়ী, প্রতিটি জে-১০ সিই যুদ্ধবিমানের দাম ধরা হয়েছে প্রায় ৬ কোটি মার্কিন ডলার। সে অনুযায়ী ২০টি বিমানের জন্য ব্যয় হবে প্রায় ১২০ কোটি ডলার (প্রায় ১৪ হাজার ৭৬০ কোটি টাকা)। এ ছাড়া বৈদেশিক ও স্থানীয় প্রশিক্ষণ, যন্ত্রপাতি ক্রয় এবং পরিবহন বাবদ ব্যয় ধরা হয়েছে ৮২ কোটি ডলার (প্রায় ১০ হাজার ৮৬ কোটি টাকা)। বিমা, ভ্যাট, এজেন্সি কমিশন ও অবকাঠামোগত কাজসহ অন্যান্য খরচ যোগ করলে মোট ব্যয় দাঁড়াবে ২২০ কোটি মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ২৭ হাজার কোটি টাকা। প্রতিরক্ষা বিশেষজ্ঞরা বলছেন, জে-১০ সিই যুদ্ধবিমান যুক্ত হলে বাংলাদেশ বিমান বাহিনী প্রযুক্তিগতভাবে এক নতুন যুগে প্রবেশ করবে। চীনের তৈরি এই চতুর্থ প্রজন্মের যুদ্ধবিমানটি আধুনিক রাডার, দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ও আকাশ-থেকে-আকাশ ও আকাশ-থেকে-স্থল হামলা পরিচালনায় সক্ষম। এটি একসঙ্গে আক্রমণ ও প্রতিরক্ষাড়দুই ক্ষেত্রেই কার্যকর ভূমিকা রাখতে পারে।